ঢা

তারিখ 03 AUG 1997
পৃষ্ঠা ৭ কলাম ৬

দৈনিক বাংলা

৯ আগস্ট ভর্তি পরীক্ষা

# রাজশাহী ভার্সিটিতে শিক্ষার পরিবেশ ফিরে এসেছে ঃ ভিসি

রাজশাহী, ২ আগস্ট (বাসস)।– রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভাই-চ্যান্সেলর অধ্যাপক আবদুল খালেক শনিবার বলেছেন, সকলে সম্মিলিত প্রচেষ্টায় ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের নিরপেক্ষ পদক্ষেপের ফলে ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ পুনঃ প্রতিষ্ঠিত এবং সন্ত্রাসী তৎপরতা নির্মূল হয়েছে।

সিনেট ভবনে বাংলাদেশ ফেডারেল

(৪-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## রাজশাহী ভার্সিটিতে

(প্রথম পৃষ্ঠার পর)

সাংবাদিক ইউনিয়নের (বিএফইউজে) নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময়কালে অধ্যাপক খালেক এ কথা বলেন। মতবিনিময় অনুষ্ঠানে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক আবুল ফজল হক, ভার্সিটি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক আব্বাস আলী, অধ্যাপক মিজানউদ্দীন, ডঃ আবদুর রহমান সিদ্দিকী, বিএফইউজের সভাপতি ইকবাল সোবহান চৌধুরী, মহাসচিব আবুল কালাম আজাদ, ডিইউজের সাধারণ সম্পাদক আজিজুল ইসলাম ভুঁইয়া এবং সাবেক সাধারণ সম্পাদক আলতাফ মাহমুদ আলোচনায় অংশ নেন।

অধ্যাপক খালেক বলেন, বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষ সম্মান শ্রেণীর তিন হাজার আসনে ভর্তির জন্য প্রায় এক লাখ ছাত্র-ছাত্রী আবেদন করেছে। এর দ্বারা এটাই বুঝা যায় যে স্বাভাবিক অবস্থা ফিরে এসেছে এবং শিক্ষার পরিবেশের ওপর ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের আস্থা প্রতিষ্ঠিত হয়েছে। তিনি বলেন, আগামী ৯ আগস্ট থেকে ভর্তি পরীক্ষা শুরু হবে।

ভিসি বলেন, সন্ত্রাসীদের দ্বারা অবরুদ্ধ বিশ্ববিদ্যালয় এলাকা সন্ত্রাসমুক্ত করতে তারা সাফল্যজনকভাবে জনমত সৃষ্টি কত্তে সক্ষম হয়েছিলেন। তিনি বলেন, ক্যাম্পাস থেকে সন্ত্রাস দূর করতে আমরা যথাযথ সরকারী সহযোগিতা পাচ্ছি। সন্ত্রাসী যে দলেরই হোক, তাকে ছাড়া হবে না– এ ঘোষণার প্রতি সরকার পুরোপুরি বিশ্বস্ত রয়েছে বলেও তিনি উল্লেখ করেন। এ ব্যাপারে তিনি পুলিশের সক্রিয় তৎপরতারও প্রশংসা করেন।

বিগত দিনগুলোতে ক্যাম্পাসে যে অবস্থা চলেছে তার উল্লেখ করে ভিসি বলেন, তৎকালীন বিশ্ববিদ্যালয় প্রশাসনের নগ্ন দলীয়করণের কারণেই এমন অবস্থার উদ্ভব ঘটেছিল। তারা একটি বিশেষ রাজনৈতিক দলের সন্ত্রাসদের শুধু পৃষ্ঠপোষকতাই করেনি, শিক্ষক নিয়োগসহ বিশ্ববিদ্যালয় প্রশাসনের সকল কর্মকাণ্ডে তারা এক দেশদর্শী দৃষ্টিভঙ্গির পরিচয় দিয়েছে।